গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-৩ অধিশাখা
www.mofl.gov.bd

বিষয়ঃ- মেরিন ফিশারিজ একাডেমির ক্যাডেট ট্রেনিং বোট কাম ফেরিবোট, কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অফিস সরঞ্জাম অকেজো ঘোষণাকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব মোঃ তৌফিকুল আরিফ
যুগ্মসচিব (ব্লু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
তারিখ ঃ ২৫/০৮/২০২০খ্রিঃ
সময় ঃ বেলা ০২.৩০ ঘটিকা
স্থান ঃ যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) এর অফিস কক্ষ

সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ

(১) জনাব মোঃ আইয়ুব আলী, অতিঃ প্রধান প্রকৌশলী (মেরিন), বিআইডব্লিউটিএ, মতিঝিল, ঢাকা।
(২) মোসাঃ আকতার জাহান, এনালিষ্ট (আইটিএসএস), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা।
(৩) জনাব মোঃ জসিম উদ্দিন চৌধুরী, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
(৪) ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ, অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।
(৫) হাফসা বেগম, উপসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সর্বপ্রথম কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অফিস সরঞ্জাম বিষয়ে আলোচনার জন্য অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমিকে আহবান জানান। অধ্যক্ষ বলেন – একাডেমিতে অনেক পুরাতন ১৯টি কম্পিউটার (পিসি), ৬টি প্রিন্টার, ৪টি ইউপিএস, ২টি প্রজেক্টর, ১টি স্ট্যাবলাইজার, ১টি সাদা কালো টিভি, ৩টি রঙ্গিন টিভি, ১টি ডুপ্লিকেটিং মেশিন, ৩টি টাইপ রাইটার, ২টি ফটোকপিয়ার মেশিন ও ১টি ভিডিও প্লেয়ার দীর্ঘদিন যাবৎ অকেজো অবস্থায় রয়েছে। এসব যন্ত্রপাতি এতই পুরাতন যে, তা মেরামত করার মত কোন যন্ত্রাংশ বাজারে পাওয়া যায় না। এসব যন্ত্রপাতি পরিবেশ দূষণেরও কারণ। একাডেমির পক্ষ হতে অনুরোধ করা হলে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম এর মেইনটেনেন্স সাপোর্ট ইঞ্জিনিয়ার জনাব মোঃ ফরহাদ হোসেন এবং আঞ্চলিক পরিচালক জনাব মধুসুদন চন্দ ক্রমিক যন্ত্রপাতিসমূহ সরেজমিন পরিদর্শন শেষে মেরামত যোগ্য নয় এবং ব্যবহার অযোগ্য উল্লেখ করে অকেজো ঘোষণার সুপারিশ করেন। তারই প্রেক্ষিতে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সদস্যগণের নিকট এ সংক্রান্ত প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট কাগজাদি সরবরাহ করা হয়। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধি জানান – যেসকল কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অফিস সরঞ্জাম এর তথ্যাদি দেয়া হয়েছে তা অতি পুরাতন। সংরক্ষিত মূল্য হিসেবে যা ধরা হয়েছে তা পাওয়া যাবে কিনা সন্দেহ আছে। তারপরও নিলামের ক্ষেত্রে দাম যা পাওয়া যায় তাই মেনে নেয়া উচিৎ। সভপতি বলেন এক্ষেত্রে নিলাম কমিটি করা হবে; সর্বোচ্চ দাম যা পাওয়া যাবে সে দামেই বিক্রি করা যুক্তিসঙ্গত। উপস্থিত সদস্যগণ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অফিস সরঞ্জাম অকেজো ঘোষণা বিষয়ে সম্মতি প্রকাশ করেন।

সভাপতির অনুমতিক্রমে অধ্যক্ষ বলেন –একাডেমির ক্যাডেট ট্রেনিং বোট কাম ফেরিবোটটি অতি পুরাতন যা মেরামত অযোগ্য। এটি পরিদর্শনের জন্য আহবান করা হলে সরকারি যানবাহন অধিদপ্তরের সহকারী পরিচালক (নৌ) জনাব আবুল খায়ের মল্লিক ১০/১/২০১০ তারিখ ক্যাডেট ট্রেনিং বোট কাম ফেরিবোটটি পরিদর্শন করে একটি কারিগরি প্রতিবেদন দাখিল করেছেন। তিনি প্রতিবেদনে জানিয়েছেন - ক্যাডেট ট্রেনিং বোট কাম ফেরিবোটটি কাঠ দ্বারা তৈরী। তলার অংশ পচে নষ্ট হওয়ায় ছিদ্র দিয়ে পানি উঠে যা মেশিন দিয়ে অপসারণ করতে হয়। ট্রলারের ইঞ্জিনটি মেরামত যোগ্য নয়; কারণ এর

প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ এখন আর পাওয়া যায় না। আর মেরামত করলেও লাভজনকভাবে এটি পরিচালনা করা যাবে না। তাই তিনি এটি অকেজো ঘোষণার জন্য সুপারিশ করেছেন।

এ বিষয়ে বাংলাদেশ অভ্যন্তরীন নৌ কর্তৃপক্ষের প্রতিনিধি বলেন — কাঠের তৈরী বোটটি এতই পুরাতন যে, এটির সংরক্ষিত মূল্য ৮০০০০/- টাকা পাওয়া যাবে কিনা সন্দেহ আছে। তারপরও নিলামে বিক্রির ক্ষেত্রে সর্বোচ্চ মূল্য যা পাওয়া যায় তাই মেনে নেয়া উচিৎ। অভ্যন্তরীন নৌ কর্তৃপক্ষের প্রতিনিধির বক্তব্যে সভাপতি একমত পোষণ করেন। উপস্থিত সদস্যগণ ক্যাডেট ট্রেনিং বোট কাম ফেরিবোটটি অকেজো ঘোষণার বিষয়েও সম্মতি প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

১। মেরিন ফিশারিজ একাডেমির অনেক পুরাতন ১৯টি কম্পিউটার (পিসি), ৬টি প্রিন্টার, ৪টি ইউপিএস, ২টি প্রজেক্টর, ১টি স্ট্যাবলাইজার, ১টি সাদা কালো টিভি, ৩টি রঙ্গিন টিভি, ১টি ডুপ্লিকেটিং মেশিন, ৩টি টাইপ রাইটার, ২টি ফটোকপিয়ার মেশিন ও ১টি ভিডিও প্লেয়ার সর্বসম্মতিক্রমে অকেজো ঘোষণার সুপারিশ করা হয় এবং প্রতিবেদনে বর্ণিত মূল্যে নীলামে বিক্রয়ের বিষয়ে একমত পোষণ করা হয়।

২। মেরিন ফিশারিজ একাডেমির ক্যাডেট ট্রেনিং বোট কাম ফেরিবোটটি ইঞ্জিনসহ সর্বসম্মতিক্রমে অকেজো ঘোষণার সিদ্ধান্ত গৃহীত হয়। যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে এটি নিলামে বিক্রির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। নিলামের উদ্দেশ্যে ২টি বহুল প্রচারিত জাতীয় বাংলা পত্রিকা ও ১টি স্থানীয় দৈনিক পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের জন্য সিদ্ধান্ত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত (৩১/৮/২০২০)
(মোঃ তৌফিকুল আরিফ)
যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

নং ৩৩.০০.০০০০.১২৮.২৮.০২৬.১৪-**১৯৫**

তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৭ / ০৩ সেপ্টেম্বর ২০২০

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীন নৌ পরিবহন কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।
৭। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। ইন্সট্রাক্টর, নেভাল আর্কিটেক্ট, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম ।
৯। যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(হাফছা বেগম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৩৫৬

F:\2020 Office Work\Minutes.docx